উদয়াঙ্কুরসেবা সংস্থা (ইউএসএস)

জোড়দরগা, নীলফামারী

# শিশু ও যুব সুরক্ষা পলিসি- ২০২৩

Email: uss.nilphamari@gmail.com

Website: www.ussnilphamaribd.org

Cell: 01712-878300

Approved by

সম্পাদক
উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস)
নীলফামারী।

Approved by

President
Udayankur Seba Sangstha (USS)
Nilphamari.

| | | |
|---|---|---|
| পর্যালোচনা এবং অনুমোদন | | |
| নিম্নস্বাক্ষরকারী দ্বারা এই সুরক্ষা পলিসি পর্যালোচনা এবং অনুমোদিত হইয়াছে | | |
| পদবী | স্বাক্ষর | তারিখ |
| সভাপতি, ইউএসএস | | ০৪/০৬/২০২৩ |
| সেক্রেটারী, ইউএসএস | | ০৪/০৬/২০২৩ |

<u>সুরক্ষা নীতিমালার উদ্দেশ্য</u>:এই নীতিমালার উদ্দেশ্য ইউএসএস এর ষ্টাফ ও সহযোগিদের দ্বারা সকল প্রকার নির্যাতন থেকে শিশু ও যুবদের সুরক্ষা করা। এটি শিশু, যুব, ষ্টাফ, নির্বাহী কমিটি, ভেন্ডর, কন্ট্রাক্টর, কনসালটেন্ট সকলের ক্ষেত্রে প্রযোজ্য। শিশু, যুব নারী, নারী ও প্রতিবন্ধী নির্যাতন দেশের সর্বত্রই বিরাজমান, যার মধ্যে রয়েছে শারীরিক ও মানসিক নির্যাতন, শারিরীক আঘাত, অবহেলা, খারাপ আচরণ ও যৌন নির্যাতন। এছাড়াও জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, শারীরিক অসুস্থতা, প্রতিবন্ধীতা ও লিঙ্গ ভিত্তিক পার্থক্যের কারণে শিশু ও যুবরা বিভিন্ন ধরণের ঝুঁকিতে থাকতে পারে। ইউএসএস শিশু, যুব নারী, নারী ও প্রতিবন্ধীদের সকল ধরণের নির্যাতন থেকে সুরক্ষায় বদ্ধপরিকর এবং সুরক্ষা নীতিমালাটি প্রসার করা আমাদের দায়িত্ব। **শিশু ও যুব সুরক্ষা নীতিমালাটি, ইউএসএসএর ইংরেজীসেফগার্ডিং পলিসি'২০১৯কে বেইজ করে তৈরীকরা হয়েছে।**

১. <u>কৌশলগত প্রসঙ্গ:</u>

ইউএসএস বৈষম্যমুক্ত, নির্যাতনমুক্ত ও হয়রানীমুক্ত পরিবেশ তৈরীতে বদ্ধপরিকর এবং প্রতিশ্রুতিবদ্ধ। যেখানে ইউএসএস এর সকল ব্যক্তি, ষ্টাফ , সকল ষ্টেকহোল্ডারদের / অধিকারভোগীদের শ্রদ্ধা ও মর্যাদার সাথে আচরন করে। ইউএসএস মানবাধিকরের সার্বজনীন ঘোষনা (ইউডিএইচআর)'১৯৪৮, জাতিসংঘ শিশু অধিকার সনদ ১৯৮৯, এবং বাংলাদেশ সংবিধানে থাকা নীতিগুলোকে সমর্থন করে। শ্রেণী, ধর্ম, বর্ণ, পেশা, জেন্ডার, জাতিগত বিষয়ে কাউকে বৈষম্য না করা। ২০১৯ সালে ইউএসএস দাতা সংস্থার সুপারিশক্রমে বৈষম্যহীন ও নির্যাতনমুক্ত পরিবেশ তৈরীর জন্য শিশু ও যুব সুরক্ষা নীতিমালাটি গ্রহণ করেছে।

২.<u>সংজ্ঞা</u>: ইউএসএস এই নীতিমালাটির উদ্দেশ্যে নিম্নলিখিত সংজ্ঞাগুলো গ্রহন করেছে-

**শিশু:**

জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুযায়ী ১৮ বছরের কম বয়সী সকল মানব সন্তান।মেয়ে শিশুরা সাধারণত বিভিন্ন ধরণের নির্যাতনের ঝুঁকিতে থাকে, এর মধ্যে যৌন নির্যাতন এবং জেন্ডার ভিত্তিক নির্যাতন অন্যতম। ইউএসএস এর বিভিন্ন প্রকল্পের কার্যক্রমের সাথে সম্পৃক্ত কোন মেয়ে শিশু যেন কোন ভাবেই ক্ষতি, নির্যাতন, শোষণ বা অন্য যেকোন ধরণের বৈষম্যের শিকার না হয় সেটি নিশ্চিত করাই হচ্ছে এই নীতিমালার অন্যতম উদ্দেশ্য। তদোপরি, আমাদের নিশ্চিত করতে হবে যে, ইউএসএস এর সুরক্ষা বিষয়ক কর্মসূচীসমূহ এবং শিশু ও যুবদের সুরক্ষা বিষয়ক উদ্বেগে সাড়া প্রদান প্রক্রিয়া জেন্ডার সংবেদনশীল (জেন্ডার রেসপনসিভ)।

**যুব:**

সার্বজনীন ঘোষণাপত্র অনুযায়ী ১৮ থেকে ২৪ বছর বয়স পর্যন্ত যুব।জাতিসংঘের সংজ্ঞা অনুযায়ী ১৫-২৪ বয়সী সকল মানব। যেহেতু যুবরা আমাদের বিভিন্ন কার্যক্রমের সাথে জড়িত এবং আমরা মনে করি তাদের কিছু সুনির্দিষ্ট বিষয়ে সুরক্ষার প্রয়োজন রয়েছে, সেজন্য নীতিমালাটি যুবদেরও অর্ন্তভূক্ত করেছে। উদাহরণস্বরূপ: যুবরা ইউএসএস এর বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত হয় এবং এক্ষেত্রে দেশের আইন অনুযায়ী তাদের অংশগ্রহণে কোন বাঁধা না থাকলেও আমরা মনে করি তাদের সুরক্ষা সংক্রান্ত কিছু ঝুঁকি থেকেই যায়, সেজন্য এই নীতিমালা গুরুত্বের সাথে তাদের সুরক্ষার বিষয়টিও বিবেচনা করে।

**বুলিং:**

যখন একজন ব্যক্তি অথবা একদল লোক অধিক ক্ষমতাধর হয় এবং নির্দিষ্ট উদ্দেশ্য পুরণের জন্য যারা অন্য কোন ব্যক্তি বা দলের লোকের বারংবার এবং ইচ্ছাকৃত ক্ষতির কারণ হয় যার প্রতিবাদে বা বাধা প্রদানে অসহায় অনুভব করে তাই বুলিং। বুলিং অনেক দিন ধরে চলতে থাকে এবং অন্যান্যদের থেকে লুকায়িত থাকে।বিভিন্ন পরিবেশে বুলিং আবির্ভূত হয়।

হুমকি/ভীতি প্রদর্শন: যখন একজন ব্যক্তি অথবা শক্তিযুক্ত দল বারবার এবং ইচ্ছাকৃতভাবে অন্য কোন দুর্বল লোকের বা গোষ্ঠীর ক্ষতি করার ভয় দেখান এবং দুর্বল লোক বা গোষ্ঠীরা প্রতিবাদ করতে অসহায় বোধ করে। বারবার হুমকি দিতে পারে যদি কোন পদক্ষেপ নেয়া না হয়।

প্রতিবন্ধী:
যারা দীর্ঘদীন শারীরিক,মানসিক, বুদ্ধিগত সমস্যায় আছে যেগুলো অন্যদের সাথে সমতাভিত্তিক পূর্ণ এবং কার্যকরী অংশগ্রহণে বিভিন্নভাবে বাধাগ্রস্থ হয় তারাই প্রতিবন্ধি। সকল নাগরিকের মতো প্রতিবন্ধিদের সমান অধিকার আছে।

সুরক্ষা:

যৌন হয়রানী, শোষন, নির্যাতন যেখানেই ঘটুক তা প্রতিরোধ করার জন্য সকল যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করা এবং যথাযথ সাড়া প্রদানের

মাধ্যমে সেই ক্ষতি থেকে মানুষ বিশেষ করে বিপদাপন্ন শিশু, যুব ও নারীদের রক্ষা করা।

শিশু ও যুব সুরক্ষা:
অপব্যবহার থেকে শিশু ও যুবদের সুরক্ষা । শিশু ও যুব স্বাস্থ্য বা বিকাশের প্রতিবন্ধকতা রোধ করা। নিরাপদ ও কার্যকরী যত্নের সাথে শিশুর বেড়ে উঠা নিশ্চিত করা। সেরা ফলাফলের জন্য সকল শিশুদের সক্ষম করতে পদক্ষেপ নেয়া।

জেন্ডার সংবেদনশীল সুরক্ষা:
জেন্ডার সংবেদনশীল সুরক্ষা এমন একটি পন্থা যা-

- মেয়ে শিশু, ছেলে শিশু ও অন্যান্য জেন্ডার পরিচয় এর ক্ষেত্রে সুনির্দিষ্ট সুরক্ষা চাহিদাকে সর্বোচ্চ বিবেচনায় রাখে;
- শিশু ও যুবকদের (ছেলে শিশু, মেয়ে শিশু, যুব নারী ও পুরুষ এবং অন্যান্য জেন্ডার পরিচয় এর শিশু ও যুব) সুরক্ষায় সমন্বিত পদক্ষেপ গ্রহণ করা যা জেন্ডার পক্ষপাতমূলক ও বৈষম্যমূলক ব্যবহার প্রতিহত করে;
- সুরক্ষা ব্যবস্থায় মেয়েদের ক্ষমতায়ন ও তাদের অন্তর্ভূক্তির বিষয়টি এমনভাবে উৎসাহিত করা যা তাদের সমতা, সাম্য এবং সার্বিক নিরাপত্তা ও সুরক্ষা জোরদার করে।

যৌন হয়রানি:
কোন সহকর্মীর মাধ্যমে অন্য কোন সহকর্মী অবাঞ্ছিতভাবে যৌন উদ্দেশ্য প্রণোদিত কোন উদ্যোগ গ্রহণ, যৌন অনুগ্রহের অনুরোধ অথবা মৌখিক বা শারীরিকভাবে ব্যক্ত কোন যৌন আচরনই হলো যৌন হয়রানী। অথবা যৌন প্রকৃতির অন্য কোনও আচরণ যা যুক্তিসঙ্গতভাবে প্রত্যাশিত হতে পারে বা অন্যকে অপরাধ বা অপমানের কারণ হিসাবে চিহ্নত করা যেতে পারে।

যৌন শোষণ:
যখন একটি সংস্থা বা প্রতিষ্ঠান জরুরী পরিস্থিতিতে সাড়া প্রদানের কাজে নামে অথবা স্বাভাবিকভাবে উন্নয়নমূলক কার্যক্রম চালায় তখন তাদের এবং আক্রান্ত মানুষের মধ্যে অথবা কর্মএলাকার মানুষের মধ্যে একটি পার্থক্য কাজ করে । শুধুমাত্র আর্থিক, সামাজিক কিংবা রাজনৈতিক লাভের উদ্দেশ্যে নয় বরং অন্যের অসহায়ত্বতা/দুর্বলতা, ক্ষমতা বৈষম্য বা বিশ্বাসের সুযোগ গ্রহন করে তার কাছ থেকে যে কোন ধরনের যৌন উদ্দেশ্য সাধন কিংবা এরূপ কোন প্রচেষ্টাকে যৌন শোষণ বলা হয়।

যৌন নির্যাতন:
যৌন নির্যাতন বলতে এমন যৌন অপরাধকে বোঝানো হয় যেখানে জোরপূর্বক, অসম বা বাধ্যতামূলক পরিবেশে অনধিকারবশত কাউকে শারীরিকভাবে হেনস্থা কিংবা নিপিড়ন করা।

সারভাইভার:
যে ব্যক্তি নির্যাতন বা শোষণের শিকার হয়েছে। **Survivor** শব্দটি প্রায়শই ভুক্তভোগীর পছন্দের ক্ষেত্রে ব্যবহৃত হয় যা শক্তি হিসাবে, পুর্বাবস্থায় ফিরে আসা এবং বেঁচে থাকতে সক্ষম করে।

৩. <u>ইউএসএস যে সকল বিষয়গুলোকে শিশুর নির্যাতন হিসেবে বিবেচনা করে তা নিম্নরূপ :</u>

<u>শারিরীক নির্যাতন</u> :
মারধর করা , গলাটিপে ধরা, ছ্যাঁকা দেয়া/ এসিডমারা, অগ্নিদগ্ধ করা/ ঝলসে দেয়া, মাথার চুল কেটে দেওয়া , চড়-থাপ্পড় মারা, বাল্যবিবাহ/ শিশু বিবাহ, শিশু শ্রম, শিশু পাচার ইত্যাদি ।

<u>মানসিক নির্যাতন</u>:
গালাগালি দেওয়া, শারিরীক অক্ষমতা /দুর্বলতা নিয়ে রসিকতা করা ,সর্বদা দোষারোপ করা,খোটা দেওয়া বা কটাক্ষ করা , অহেতুক সন্দেহ করা,বাবার বাড়ি যেতে না দেয়া, চাকুরীতে বা বাহিরে যেতে না দেওয়া, বাবা-মা সম্পর্কে অবমাননাকর কথা বলা,তুচ্ছতাচ্ছিল্য কর, শিশুর কথার গুরুত্ব না দেয়া, চোখ রাঙানো, মেয়েকে অবহেলার দৃষ্টিতে দেখা, বাল্যবিবাহ বা তালাকের শিকার হওয়া, বিদ্যালয়ে যেতে না দেয়া ।

<u>যৌন হয়রানী</u>:
গায়ে হাত দেওয়া, পোষাক, শরীর নিয়ে মন্তব্য করা,বাল্য বিবাহ,শারিরীক সম্পর্ক স্থাপন, যৌন ইঙ্গিতপূর্ণ অঙ্গভঙ্গি করা , যৌন বিষয়ক কৌতুক করা,মোবাইলে নগ্ন/ অশালীন ছবি পাঠানো বা দেখানো, বাজে কথা বলে, এসএমএস করা, ই-মেইলে পর্নো ছবি পাঠানো, ছবি তুলে এডিট করে ইন্টারনেট বা ফেসবুকে ছেড়ে দেয়া, ফোনে বাজে কথা বলা বা উত্যক্ত করা, প্রেমের অভিনয় করে অন্তরঙ্গ মুহূর্তেও ছবি বা ভিডিও ইন্টারনেটে ছেড়ে দেয়া,এক সংঙ্গে একাধিক ব্যক্তি দল বেঁধে একজনকে মোবাইল করা, ছোট শিশুদের কাপড় খুলে দেয়া ইত্যাদি।

<u>অবহেলা</u>:
এটি শিশুর মৌলিক চাহিদা যেমন- খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা, শিক্ষা এবং তত্তাবধান বা যত্ন ইত্যাদি পূরণে ব্যার্থতা, যা শিশুর বেঁচে থাকা, সুরক্ষা এবং বিকাশের জন্য প্রয়োজন, শিশুর সময়মত গোসল না করানো, খাবার না দেয়া বা যত্ন না নেয়া । মতামতের গুরুত্ব না দেওয়া, শিশুকে সময় না দেয়া, শিশুর বিনোদনের বিষয়কে গুরুত্ব না দেয়া ।

৪.<u>শিশু ও যুবদের কর্মসূচীতে অংশগ্রহণে সুরক্ষায় করণীয়</u>:

- শিশু ও যুব সুরক্ষা নিজ এলাকার বাহিরে কোন কর্মসূচীতে অংশগ্রহণ করলে অংশগ্রহলের পূর্বেই শিশু এবং শিশুর অভিভাবকের লিখিত সম্মতি ফরম পূরণকরতে হবে তবে অংশগ্রহণকারীযুব হলে শুধুমাত্র তাঁর সম্মতিফরমপূরণ করতে হবেএবং প্রতিটি কর্মসূচী অনুষ্ঠিত হবার পূর্বেই ঝুঁকি নিরুপন করতে হবে এবং ঝুঁকি ব্যাবস্থাপনা নিশ্চিত করতে হবে।
- শিশুর ০৩ বছরবয়স পর্যন্ত দুগ্ধদানকারী মা কোন কর্মসূচীতে অংশগ্রহণ করলে দুগ্ধদানকারীঐ শিশুর জন্য একজন পরিচর্যাকারী সাথে নিয়ে আসতে পারবেন। এ ক্ষেত্রে শিশুর পরিচর্যাকারীর খাবার ও যাতায়াত সংশ্লিষ্ট প্রকল্প থেকে প্রদান করা হবে এবং কোন মেয়ে শিশু র্কসূচীতে অংশগ্রহণ করলে তার সাথে সফরসঙ্গী হিসেবে তার বাবা/মা/বোন/সহোদর ভাই/প্রতিষ্ঠানের নারী কর্মী/নিকট আত্মীয় নারী আসতে পারবেন, তবে তাঁর খালাতো ভাই, মামাতো ভাই, ফুফুতো ভাই, চাচাতো ভাই ও নিকট আত্মীয় কোন পুরুষকে গ্রহণ করা হবে না।

৫.<u>নিয়োগ</u>:ইউএসএস কর্মী নিয়োগের ক্ষেত্রে সুনির্দিষ্ট ব্যাকগ্রাউন্ড যাচাই করে। মানব সম্পদ পলিসি অনুযায়ী পূর্ববতী নিয়োগকর্তাদের কাছ থেকে রেফারেন্স চেক করে, ইউএসএস শিশু, যুব নারী, নারী ও প্রতিবন্ধী নির্যাতনকারীদের নিয়োগদানে বিরত থাকা।

৬.<u>কর্মীদের কাছ থেকে প্রত্যাশা:</u> ইউএসএস এর সকল কর্মীদের এই সুরক্ষা পলিসি ও পদ্ধতির সাথে সুপরিচিত হওয়ার দায়িত্ব আছে। তারা তাদের সকল কাজে শিশু, যুব ও নারীদের নিরাপত্তা ও কল্যাণে সঠিক ফোকাস বজায় রাখা। ইউএসএস এর কাজের সাথে জড়িত যে কেউ শিশু, যুব ও নারীদের নির্যাতনের তথ্য পেলে অবশ্যই সংস্থার সেফগার্ডিং ফোকালকে ২৪ ঘন্টার মধ্যে জানাবে।

৭.<u>শিশু, যুব নারী,নারী ও প্রতিবন্ধীদের জন্য করণীয় ও বর্জনীয়</u>- ইউএসএস কোড অফ কনডাক্টে বিস্তারিত বর্ণনা আছে।

৮.<u>সুরক্ষা প্রশিক্ষণ:ইউএসএস এর সকল কর্মীদের সুরক্ষা দায়িত্ব নিশ্চিতে প্রতিশ্রুতিবদ্ধ এবং তাদের নিয়মিত জ্ঞান হালনাগাদ করা।</u> যে কোন কর্মী যোগদানের ০৩ মাসের মধ্যে শিশু, যুব নারী, নারী ও প্রতিবন্ধীদের সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ দেয়া।ষ্টাফদের মাসিক সভায় সুনির্দিষ্ট শিশু ও যুব সুরক্ষা বিষয়ে আলোচ্য বিষয় নির্ধারন থাকবে।ষ্টাফরা শিশু ও যুবদের যে কোন কার্যক্রমে ঝুঁকি নিরুপন ও ব্যবস্থাপনার ব্যবস্থা নিবে। ষ্টাফরা অধিকারভোগীদের রিপোর্টিং ও রেসপন্ডিং সম্পর্কে দক্ষতা বৃদ্ধি করবে এবং অনুশীলন চলমান থাকবে।

**৯.শিশু ও যুব সুরক্ষায় নির্বাহী পরিচালকের দায়িত্বঃ**

- শিশু ও যুব নির্যাতনের তথ্য পেলে টিমের মাধ্যমে বিষয়টি তদন্ত করানো।
- তদন্তে দোষী প্রমানিত হলে প্রতিষ্ঠানের পলিসি/দেশীয় আইনের মাধ্যমে যথাযথ শাস্তির পদক্ষেপ নেয়া
- শিশু ও যুব নির্যাতনকারী কর্মী নিয়োগ পরিহার করা।

**১০.শিশু ও যুব ফোকাল পার্সন পদের উদ্দেশ্য :**

- ইউএসএস এর সুরক্ষা পলিসি অনুযায়ী শিশু ও যুবদের দূর্ঘটনা থেকে সুরক্ষায় সহায়তা করা।
- প্রতিষ্ঠানের মধ্যে ও কর্মসূচী বাস্তবায়নে শিশু ও যুব সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে শিশু ও যুব নির্যাতনের জটিল বিষয় সমূহ চিহ্নিত করা।
- ষ্টাফ ও ষ্টেকহোল্ডারদের শিশু ও যুব সুরক্ষায় জ্ঞান ও দক্ষতা বাড়ানো।

**১১.<u>শিশু ও যুব সুরক্ষা ফোকালের কর্তব্য ঃ</u>**

- ইউএসএস এর সুরক্ষা পলিসি অনুযায়ী শিশু ও যুব সুরক্ষা নিশ্চিতে কৌশলগত ভূমিকা পালন করা।
- প্রতিষ্ঠানে ও কর্মসূচীতে অংশগ্রহনে শিশু ও যুব ঝুঁকি নিরুপন করা ও ঝুঁকিতে যাতে না পড়ে তা নিশ্চিত করা।
- বিভাগীয় সুরক্ষা নেটওয়ার্কের সাথে সমন্বয় করা।
- জেলা ও উপজেলা শিশুকল্যাণ বোর্ডের মিটিং আয়োজনে কারিগরি সহায়তা করা।
- শিশু ও যুব নেটওয়ার্কের উপজেলা থেকে জেলা পর্যায়ে এডভোকেসি পদক্ষেপে সহায়তা করা।
- শিশু, যুব , পরিবার,কমিউনিটি, ষ্টাফ প্রভৃতিদের সাথে সরাসরি কাজ করা।
- নিয়মিত শিশু ও যুব সুরক্ষা মনিটরিং করা।
- শিশু ও যুব দূর্ঘটনা নিয়ম অনুযায়ী সাড়া প্রদানে গোপনীয়তা রক্ষা করা ।

**১২.<u>শিশু ও যুব সুরক্ষায় প্রকল্প সমন্বয়কারীর দায়িত্বঃ</u>**

- শিশু ও যুব দূর্ঘটনা জানার ২৪ ঘন্টার মধ্যে শিশু ও যুব সুরক্ষা ফোকাল/নির্বাহী পরিচালকের কাছে রিপোর্ট পাঠানো।
- দূর্ঘটনা পরবর্তী ফলোআপ নিশ্চিত করা।
- প্রয়োজনীয় সাপোর্টের জন্য লিংকেজ নিশ্চিত করা।
- সারভাইভারসহ পরিবারের সদস্যদের স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য কাউন্সিলিং নিশ্চিত করা।

**১৩. <u>শিশু ও যুব সুরক্ষায় মাঠকর্মীদের দায়িত্বঃ</u>**

- মানসিক নির্যাতন,যৌন নির্যাতন,অবহেলা বিষয়সমূহ পরিহার করা।
- শিশু ও যুবদের মধ্যে বৈষম্য না করা।
- যে কোন ইভেন্টের পূর্বে ঝুঁকি নিরুপন করা এবং ঝুঁকি ব্যবস্থাপনার পদক্ষেপ নেয়া। প্রযোজ্য ক্ষেত্রে শিশু, যুব ও অভিভাবকের লিখিত অনুমতি নেয়া।
- দূর্ঘটনা জানার ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট রিপোর্ট পাঠানো এবং প্রয়োজনীয় সাপোর্ট দেয়া।
- সুরক্ষার বিষয়সমূহ শিশু, যুব অভিভাবকদের অবহিত করা।
- ভেন্ডরের শিশু ও যুব সুরক্ষার বিষয়সমূহ মনিটরিং করা।
- শিশু ও যুব সুরক্ষার বিষয়সমূহ মনিটরিং করা।
- যে কোন দূর্ঘটনার ক্ষেত্রে সারভাইভার, তার মাতা-পিতা, অভিভাবক এবং তাদের সাথে সংশ্লিষ্টদের নিরাপত্তার জন্য গোপনীয়তা রক্ষা করা।
- শিশু ও যুব নির্যাতনরোধে জাতীয় হেল্পলাইন নম্বরে (৯৯৯, ১০৯৮,৩৩৩) ফোন করতে উৎসাহিত করা।
- সারভাইজারসহ পরিবারের সদস্যদের স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য কাউন্সিলিং নিশ্চিত করা।

১৪) আচরনবিধি;

ইউএসএস শিশু ও যুবদের জন্য সহায়ক পরিবেশ তৈরী করতে অঙ্গীকারাবদ্ধ। সংস্থার সকল কর্মী, শিশু সুরক্ষা বিষয়ক বৈশ্বিক নীতিমালা অনুসরন করবে, যা সহিংসতা প্রতিরোধে সহায়ক হবে। বিশেষত, কর্মী কর্তৃক কোন যৌন হয়রানীমূলক ঘটনা ঘটলে সেবিষয়ে যথাযথ ব্যবস্থা নেয়া হবে প্রয়োজনে চাকুরীচ্যুত হতে পারে।

**শিশু ও যুব সুরক্ষার ক্ষেত্রে আমি যা করবোঃ**

• আমি এই বৈশ্বিক নীতিমালা মেনে চলবো এবং বিভিন্ন কার্যক্রম, প্রকল্প, প্রক্রিয়ায় শিশু ও যুব, তাদের পরিবার ও কমিউনিটির সাথে যোগাযোগের ক্ষেত্রে সততার সাথে, খোলামেলাভাবে কাজ করবো।

• জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ পরিচয়, জাতিসত্তা বিভিন্ন ক্ষেত্রে শিশু ও যুবদের সর্বত্তোম স্বার্থ বিবেচনা করবো এবং তাদের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল থাকবো।

• এমন একটি পরিবেশ তৈরী ও সংরক্ষন করবো যেখানে শিশু ও যুবরা সকল প্রকার সহিংসতা থেকে মুক্ত থাকবে এবং কাজ করতে গিয়ে সম্ভাব্য ঝুঁকিসমূহ প্রতিরোধের জন্য যথাযথ পদক্ষেপ নেব।

• শিশু ও যুবদের সম্পৃক্ত করার পরিবেশ তৈরীতে যে বিষয়গুলো খেয়াল রাখতে হবেঃ

• বয়স অনুযায়ী শিশুদের বিভিন্ন ঝুঁকি প্রতিরোধের ক্ষেত্রে সিদ্ধান্ত নেবার সময় তাদের সাথে আলোচনা করবো ও তাদের মতামতের প্রতি শ্রদ্ধাশীল থাকব।

• শিশু ও যুব সুরক্ষা নীতিমালা ও তাদের অধিকার সর্ম্পকে সচেতন থাকবো ও কেউ এবিষয়ে উদ্বেগ প্রকাশ করলে তাকে সচেতন করবো।

• শিশু ও যুবদের সাথে সবসময় পেশাগত আচরন করবো ও ইতিবাচক রোল মডেল হিসেবে নিজেকে উপস্থাপন করবো ।

• ১৮ বছরের নিচের শিশু ও যুবদের গৃহশ্রম ও অন্যন্য শ্রম যা তাদের শিক্ষা ও বিনোদনকে ব্যহত করে ও তার জন্য ঝুঁকিপূর্ণ ও অযোগ্য সেগুলো থেকে বিরত রাখবো এবং এক্ষেত্রে বিভিন্ন আন্তর্জাতিক সনদ ও আইন মেনে চলবো ।

• যে সকল শিশু ইউএসএস এর সাথে বিভিন্ন কার্যক্রমে জড়িত তাদের সকল বিষয়ে গোপনীয়তা রক্ষা করবো । যার মধ্যে রয়েছে :

• কখনো ব্যক্তিগত তথ্য (ফোন নম্বর, ইমেইল, সোশ্যাল মিডিয়া, ঠিকানা) নেব না বা কাউকে জানাবো না শুধুমাত্র ইউএসএস এর কার্যক্রমের প্রয়োজনীয়তা ছাড়া।

•সুরক্ষা নীতিমালা অমান্য করে মতামত ছাড়া স্পন্সর শিশু বা অন্যান্য শিশুদের কোন তথ্য মিডিয়াতে যেমনপত্রিকা, ছবি শেয়ার করা, ফেইসবুকে দেব না ।

• সংশ্লিষ্ট সুপারভাইজারকে না জানিয়ে কোন শিশু বা যুব এর সাথে বা তার পরিবারের সাথে যোগাযোগ করা যেমন চিঠি, ই-মেইল, বাড়ি যাওয়া যাবে না ।

• আমি যখন পেশাগত কারনে কোন পরিদর্শনে যাবো এবং আমার প্রয়োজনে ছবি তুলবো তখন নিচের বিষয়গুলো বিবেচনায় রাখবোঃ

• প্রথমেই স্থানীয় অফিসের সাথে আলোচনা করে নেব যে ডকুমেন্টশনের জন্য ছবি তোলা প্রয়োজন এবং এই ছবি সুরক্ষা নীতিমালার সাথে কোন দ্বন্দ তৈরী করবে না ।

• নিশ্চিত হোন যে, ছবি কোন নেতিবাচক ও অসম্মানজনক মনোভাব তৈরী করবো না ও গোপনীয়তা বজায় রাখবো।

• নিশ্চিত হোন যে ছবিটি প্রর্দশনের ফলে শিশু ও যুবরা কোন ধরনের ঝুঁকিতে পরবে না ।

• শিশু ও যুব এর ছবি বর্হি বিশ্বের সামাজিক মাধ্যমে/মিডিয়াতে ইউএসএস এর মতামত ছাড়া দেব না ।

• কোন অপ্রত্যাশিত ঘটনা ঘটলে বা ঘটার সম্ভাবনা থাকলে স্থানীয় অফিস ও যথাযথ প্রক্রিয়া অনুসরন করে সাড়া দিব ও প্রতিবেদন তৈরী করবো।

•যথাযথ অনুসন্ধান প্রক্রিয়া অনুসরন করবো ও সেক্ষেত্রেগোপনীয়তা রক্ষা করবো ও পরিপূর্ণ সহায়তা করবো।

• যেকোন অপরাধ, এর ফলাফল, এবিষয় সংক্রান্ত পরিবর্তন যা পুর্বে ও পরবর্তীতে ঘটেছে- সকল তথ্য তাৎক্ষনিকভাবে ইউএসএস সেফগার্ডিং ফোকাল পার্সনকে জানাবো ।

**শিশু ও যুব সুরক্ষার ক্ষেত্রে আমি যা করবো না:**

• শিশু ও যুবদের সাথে ঝুঁকিপূর্ণ ও শোষণমূলক কোন আচরণ অথবা তাদের নির্যাতনের ঝুঁকিতে ফেলে এমন কোন ধরণের আচরণ করা যাবে না। যার মধ্যে রয়েছে ক্ষতিকর সামাজিক সামাজিক রীতিনীতি ও বাল্য বিয়ে।

• দেশের আইনে যাই থাকুক না কেন ১৮ বছর বয়সের কম কোন শিশুদের সাথে দৈহিক/যৌন সর্ম্পক স্থাপন করা যাবে না। এধরণের ঘটনায় আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ থাকবে না।

• আমাদের কর্মসূচীর সাথে সরাসরি সম্পৃক্ত ১৮ থেকে ২৪ বছর বয়সী যুবদের সাথে কোন ধরণের দৈহিক/যৌন সর্ম্পক স্থাপন করা যাবে না।

• শিশু ও যুবদেরকে মারধর, শাস্তি প্রদান, বল প্রয়োগসহ কোন ধরণের শারীরিক নির্যাতন করা যাবে না।

• কোন ধরণের টাকা-পয়সা, চাকুরী, সেবা ও উপহারের প্রলভল দেখিয়ে শিশু ও যুবদের সাথে কোন ধরণের যৌন সম্পর্ক স্থাপন করা এবং কাউকে যৌনকাজে উদ্দীপ্ত করা যাবে না।

• শিশু ও যুবদের সাথে এমন ধরণের অযৌক্তিক, আক্রমণাত্বক ভাষা ব্যবহার, পরামর্শ বা উপদেশ প্রদান করা যা নির্যাতনমূলক, যৌন উদ্দীপক, হেয়কর বা সাংস্কৃতিকভাবে অগ্রহণযোগ্য।

• অস্বাভাবিক বা কোন সমাজের রীতি-নীতির সাথে খাপ খায়না এরকমভাবে শিশু ও যুবদের কোলে বসানো, চুমু দেয়া বা বুকে জড়িয়ে ধরা।

• আমাদের কাজের সাথে সংশ্লিষ্ট শিশু ও যুবদের সাথে একই ঘরে বা বিছানায় ঘুমানো যাবে না।

• আমাদের কাজের সাথে সংশ্লিষ্ট শিশু ও যুবদের সাথে একই ঘরে বা বিছানায় ঘুমানো যাবে না কিন্তু মাতা-পিতা বিচ্ছিন্ন শিশু ও যুবদের কাছাকাছি থাকার প্রয়োজন হলে নিশ্চিত করতে হবে যে একজন প্রাপ্তবয়স্ক সাথে আছেন এবং তা যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে করা হয়েছে।

• আমার কাজের সাথে সংশ্লিষ্ট শিশু ও যুবদের অত্যন্ত ব্যক্তিগত বিষয়ে বিশেষ করে বাথরুমে নিয়ে যাওয়া, পোষাক খুলে দেয়া ইত্যাদি কাজ যা তারা নিজেরাই করতে পারে সেগুলো করা যাবে না।

• আমাদের কার্যক্রমের সাথে সংশ্লিষ্টকোন শিশু ও যুবকে দূরে সরিয়ে নিয়ে একাকী দীর্ঘখন সময় কাটানো যাবে না।

• শিশু ও যুবদের মারধর বা শারীরিকভাবে নির্যাতন করা যাবে না।

• শিশু ও যুবরা লজ্জা পায়, অপমানিত ও হেয় হয় এমন কোন কাজ বা আচরণ করা যাবে না কিংবা শিশুদেরকে মানসিকভাবে নির্যাতন করা যাবে না।

• শিশু ও যুবদের প্রতি পক্ষপাতিত্ব করা, বৈষম্যমূলক আচরণের মাধ্যমে কাউকে কোন ধরণের বিশেষ সুযোগ-সুবিধা প্রদান করা যাবে না।

• শিশু ও যুবদের সাথে যথাযথ ব্যবহার না করা বা তাদের কাছে শোষণমূলক বলে মনে হয় এমন কোন আচরণ করা যাবে না।

• কম্পিউটার, মোবাইল, ভিডিও, ডিজিটাল ক্যামেরাসহ অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করে শিশু ও যুবদের কোন ধরণের নির্যাতন না করা। এসমস্ত ডিভাইসের মাধব্যমে কোন ধরণের পর্ণগ্রাফি দেখা, ডাউনলোড করা, বিতরণ করা যাবে না বিশেষত শিশু ও যুবদের নির্যাতনমূলক কোন চিত্র।

১৪.<u>শিশু ও যুব সুরক্ষায় ইউএসএসএর দায়িত্ব</u>: ইউএসএস নীতিমালা লঙ্ঘনে প্রশ্রয় দেয় না। কর্মী দ্বারা কোন প্রকার নীতিমালা লঙ্ঘনের ঘটনা ঘটলে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী অভ্যন্তরীণ শাস্তির বিধান, বরখাস্ত এমনকি ফৌজদারী মামলা দায়ের করা হতে পারে। প্রকল্প এলাকায় ও অফিসে শিশু ও যুব সুরক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। কোন দুর্ঘটনা ঘটলে / ঘটার সম্ভাবনা থাকলে গোপনীয়তা রক্ষা করে যথাসময়ে স্ব স্ব প্রকল্প কর্মকর্তা / ইউএসএস এর শিশু ও যুব সেফগার্ডিং ফোকাল/ ইউএসএস এর নির্বাহী পরিচালক/সিআরএম/দাতা সংস্থার সংশ্লিষ্ট ব্যক্তির কাছে নির্দিষ্ট ফরমেটে লিখিত /ফোনে/মৌখিক রিপোর্ট করতে জনগণকে ও অধিকারভোগিদের সচেতন করা এবং প্রয়োজন অনুযায়ী সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে লিংকেজ করে দেয়া। শিশু ও যুব সুরক্ষা পরিবীক্ষণ (মনিটরিং) এবং প্রতিবেদন তৈরী করে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল করা।সকল পরিদর্শকের উচিৎ শিশু ও যুব সুরক্ষার আলোকে ও কোন সমাজের স্থানীয় সংস্কৃতির প্রেক্ষাপটে কোনটি সঠিক ও সামঞ্জস্যপূর্ণ আচরণ তা ইউএসএস এর কর্মী বা দোভাষীর কাছ থেকে জেনে নেওয়া।

- আপনি যদি মনে করেন, কোনশিশু ও যুব নির্যাতিত হয়েছে বা সম্ভাব্য ঝুঁকির মধ্যে রয়েছে, তবে আপনার এই উদ্বেগের বিষয়টি দ্রুত নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে নির্দিষ্ট ফরমেটে লিখিত/ফোনে/ মৌখিকভাবে জানাবেন:


শিশু ও যুব সেফগার্ডিং ফোকাল- ইউএসএস
মোবাইল # ০১৭১৫২৩৫১৭৯
E -mail: uss.jaldhaka@gmail.com

নির্বাহী পরিচালক-
ইউএসএস- নীলফামারী
মোবাইল # ০১৭১২৮৭৮৩০০
E-mail: uss.nilphamari@gmail.com